

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৪ অধিশাখা
www.moestab.gov.bd


প্রজ্ঞাপন

নং-০৫.১৭৩.০১৬.০৪.০০৫.২০১০-৪।তোরিখ ৪--/০২/২০১০ ত্রিঃ--/১০/১৪১৬ বঃ

গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯ ধারার (২) উপ-ধারার বিধান মোতাবেক কোন গণকর্মচারীকে সরকার কর্তৃক জনস্বার্থে অবসর প্রদানের আদেশ জারির বিষয়ে ২০ জুন, ১৯৭৫ তারিখের স্বারকলিপি নং-সঃণিঃ(বিধি-৪)-১আব-৯/৭৫-১৪০ বাতিলপূর্বক নিয়ন্ত্রণ নির্দেশনা জারি করা হলো :

- (১) গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯ ধারায় (২) উপ-ধারার বিধানমতে কোন গণকর্মচারীর চাকরী ২৫ বছর পূর্ণ হলে জনস্বার্থে সরকার তাঁকে যে কোন সময়ে কোন কারণ না দর্শিয়ে চাকরী হতে অবসর গ্রহণ করাতে পারেন। উক্ত ৯ (২) উপ-ধারায় প্রদত্ত একমতা সরকার ব্যতীত অন্য কোন অধঃস্তন নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োগ করতে পারবেন না।
- (২) যে ক্ষেত্রে কর্তৃপক্ষ সরকার ব্যতীত এর অধঃস্তন কোন কর্তৃপক্ষ অথবা বিধিবদ্ধ সংস্থা বা এর কোন কর্মকর্তা, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ বা সংস্থা যদি মনে করে যে, তদকর্তৃক নিযুক্ত কোন গণকর্মচারীর উক্ত আইনের বিধানমতে ২৫ বছর পূর্ণ হওয়ার পর তাঁকে জনস্বার্থে অবসর গ্রহণ করানো উচিত, তা হলে উক্ত কর্তৃপক্ষ বা সংস্থা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রত্বাব প্রেরণ করবে এবং এরপ প্রত্বাব প্রাপ্তির পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী তা বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- (৩) যেক্ষেত্রে মহামান্য রাষ্ট্রপতি নিয়োগকারী কর্তৃপক্ষ সেক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্মচারীদিগকে অবসর গ্রহণ করাগোর বিষয়ের প্রত্বাব সংস্থাপন মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির নিকট তাঁর সদয় আদেশের জন্য পেশ করতে হবে।
- (৪) অর্থিক নং-(১), (২) ও (৩) অনুযায়ী কোন গণকর্মচারীকে চাকুরী হতে অবসর গ্রহণ করাগোর সিদ্ধান্ত গৃহীত হলে, উক্ত অবসর গ্রহণ সংক্রান্ত আদেশ Rules of Business 1996 এর Rule 5 (ii) এবং Schedule (ii) -এ বর্ণিত যে কোন কর্মকর্তার স্বাক্ষরে জারি করা যাবে।

রাষ্ট্রপতির আদেশক্রিয়ে


(ইকবাল মাহমুদ)
সচিব

নং-০৫.১৭৩.০১৩.০৮.০০.০০৫.২০১০-৪৫/১(৫০১)

২৬ মাঘ, ১৪১৬ বঙ্গ
তারিখ : -----

৮ ফেব্রুয়ারি, ২০১০ খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
 ৩। সচিব, ----- (সকল) মন্ত্রণালয়/বিভাগ।
 (তাঁহার অধীনস্থ অফিস ও সংস্থাসমূহকে জানানোর জন্য অনুরোধ করা যাইতেছে)।
 ৪। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
 ৫। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
 ৬। পি এস ও, সশঙ্ক বাহিনী বিভাগ, ঢাকা মেলানিবাস, ঢাকা।
 ৭। বিভাগীয় কমিশনার ----- (সকল)।
 (তাঁহার অধীনস্থ অফিস ও সংস্থাসমূহকে জানানোর জন্য অনুরোধ করা যাইতেছে)।
 ৮। প্রধান তথ্য অধিদপ্তর, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 (ডেডও, টেলিভিশন ও খবরের কাগজ ইত্যাদি প্রচার মাধ্যমে সম্প্রচারের জন্য অনুরোধ করা যাইতেছে)।
 ৯। জেলা প্রশাসক ----- (সকল)।
 (তাঁহার অধীনস্থ অফিস ও সংস্থাসমূহকে জানানোর জন্য অনুরোধ করা যাইতেছে)।
 ১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
 (পরিপত্রতি বাংলাদেশ গেজেটের প্রবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা যাইতেছে)।
 ১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, পিএসিসি, সংস্থাপন মন্ত্রণালয়।
 (ওয়েব সাইটে পরিপত্রতি দেয়ার জন্য অনুরোধ করা যাইতেছে)।
 ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 ১৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মচার্তা, সংস্থাপন মন্ত্রণালয়।
 (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 ১৪। যুগ্ম-সচিব (বিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয় (যুগ্ম-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



০৮.০২.২০২০
 (রাশেদা বেগম)
 উপ-সচিব
 ফোন : ৭১৬০৮৪৯